# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ অমুসলিমদের সাথে ব্যবহার

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

হিজরত করা ওয়াজেব কখন?

মুসলিম যখন নিজের দ্বীন প্রকাশ করতে, দ্বীনের প্রতীক সমূহ প্রতিষ্ঠা করতে বাধাপ্রাপ্ত হবে, নামাজ কায়েম করতে, জুমাআহ ও জামায়াত কায়েম করতে, যাকাত, রোজা ও হজ্জ পালন করতে অক্ষম হবে, তখন হিজরত ওয়াজেব হবে। মহান আল্লাহ বলেন,

“যারা নিজেদের উপর অবিচার করে, তাদের প্রাণ হরণের সময় ফিরিশতাগণ বলে, ‘তোমরা কি অবস্থায় ছিলে?’ তাঁরা বলে, ‘দুনিয়ায় আমরা অসহায় ছিলাম।’ তাঁরা বলে, ‘তোমরা নিজ দেশ ত্যাগ করে অন্য দেশে বসবাস করতে পারতে, আল্লাহর দুনিয়া কি এমন প্রশস্ত ছিল না?’ এদেরই আবাসস্থল জাহান্নাম। আর তা কত নিকৃষ্ট আবাস! (নিসাঃ ৯৭)

সুতরাং যে পরিবেশে মুসলিম তার ইসলাম প্রকাশ করতে বাধা গ্রস্ত হয়, সে পরিবেশে বসবাস করা বৈধ নয়। সে পরিবেশ ছেড়ে এমন পরিবেশে হিজরত করে যাওয়া তার জন্য ওয়াজেব, যেখানে সে নিজের ইমান ইসলাম ও তার প্রতীকসমূহ প্রকাশ করতে সক্ষম হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন